পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

পিএসডি সার্কুলার নং- ১৩

তারিখ: ২০ নভেম্বর ২০২৫
-------------------
০৫ অগ্রহায়ণ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্সপ্রাপ্ত ও অনুমোদনপ্রাপ্ত সকল পরিশোধ ব্যবস্থায় অংশগ্রহণকারী (তফসিলি ব্যাংক), পরিশোধ সেবাদানকারী (এমএফএস এবং পিএসপি) ও ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ'
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**পরিশোধ সংক্রান্ত উপাত্ত (ন্যাশনাল পেমেন্ট ডাটা) দাখিল প্রসঙ্গে।**

পরিশোধ সংক্রান্ত উপাত্ত তথা ন্যাশনাল পেমেন্ট ডাটা দেশের অর্থব্যবস্থায় আনুষ্ঠানিক লেনদেনের বাস্তব চিত্রের প্রতিফলন, যা জাতীয় অর্থনীতির সামগ্রিক লেনদেন সম্পর্কে ধারণা অর্জনে সহায়ক। ব্যবসায়িক কৌশল নির্ধারণ, আর্থিক সেবার সম্প্রসারণ কিংবা পরিশোধ ব্যবস্থায় ঝুঁকি ব্যবস্থাপনায় এর গুরুত্ব অপরিসীম। এ প্রেক্ষিতে জুলাই ২০২৪ থেকে **'ন্যাশনাল পেমেন্ট ডাটা'** বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশিত হয়ে আসছে। সম্প্রতি কতিপয় প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের পরে কিংবা ত্রুটিপূর্ণ পরিশোধ সংক্রান্ত উপাত্ত প্রদান করায় তার সঠিকতা যাচাইয়ে সময়ক্ষেপন হচ্ছে। ফলে ন্যাশনাল পেমেন্ট ডাটা প্রকাশের মূল উদ্দেশ্য ব্যাহত হচ্ছে।

২। এক্ষণে, প্রদত্ত ডাটা সংজ্ঞায়ন অনুযায়ী প্রতি মাসের পরিশোধ সংক্রান্ত নির্ভুল উপাত্ত সুনির্দিষ্ট ফরম্যাট (টেমপ্লেট) মোতাবেক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এ বিভাগে দাখিলের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ এর ৩৭(৩) ধারার আওতায় মিথ্যা তথ্য প্রদানের বিষয়টি আদালত কর্তৃক দণ্ডনীয় অপরাধ এবং একই কারণে আইনের ৪১ ধারার আওতায় বাংলাদেশ ব্যাংক জরিমানা আরোপ করতে পারে।

পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ এর ১৮(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ ক) ডাটা সংজ্ঞায়ন।
খ) এক্সেল টেমপ্লেট।

(মোহাম্মদ কামরুল ইসলাম)
পরিচালক (পিএসডি)
ফোন ঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-৬/২২৩৭০